

## ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুল প্রাঙ্গনে ফল উৎসবের আয়োজন।



সকল শিক্ষার্থীর অংশগ্রহনে ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুল প্রাঙ্গনে আজ ফল উৎসব আয়োজন সম্পন্ন হয়েছে। সকল শ্রেণির শিক্ষার্থীরা দেশি ও বিদেশি ফল নিয়ে অনুষ্ঠানে অংশগ্রহন করে। অনুষ্ঠানে শিক্ষার্থীদের ও অভিভাবকদের উপস্থিত খুবই ভাল ছিল। বিভিন্ন ফল নিয়ে শ্রেণি অনুযায়ী আলাদা আলাদা স্টল করা হয়েছিল। অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন স্কুলের প্রধান শিক্ষক মি. আনন্দ চৌধুরী, এছাড়া ও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নর্দা ব্রাঞ্চ ম্যানেজার, মি. সোহেল রোজারিও এবং স্কুল ম্যানেজিং কমিটির অভিভাবক প্রতিনিধি সদস্য মি. অন্তর মানখিন। ব্রাঞ্চ ম্যানেজার মি. সোহেল রোজারিও ও কমিটির প্রতিনিধি সদস্য মি. অন্তর মানখিন দেশি ফলের উপকারিতা সম্পর্কে শিক্ষার্থীদের তথ্য প্রদান করেন।



ফল উৎসবে বিভিন্ন ফলের উপকারিতা নিয়ে স্কুলের নবম শ্রেণির ছাত্র সাজিদ মাহাম্মুদ তরফদার ও অষ্টম শ্রেণির ছাত্রী শ্যানন গ্রেগরি বক্তব্য প্রদান করে।

অতপর অনুষ্ঠানে আর কোন কিছু না থাকায় প্রধান শিক্ষক সকলের ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠান শেষ করেন।